# বিষয় : খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা

# আবশ্যকীয় শিখনক্রম
# বিষয়ঃ খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা

## ভূমিকা

মানব পরিবারে জন্মগ্রহণকারী একটি শিশু ধীরে ধীরে মনুষ্যত্বের বিভিন্ন গুণাবলি অর্জন করে প্রকৃত মানুষ হয়ে উঠুক--এটা সকলেরই কাম্য। পরিবার তা চায় বলে পরিবারে তাকে তাদের সাধ্যানুসারে কিছু মূল্যবোধ শেখায়। এর পর শিশুটি আসে বিদ্যালয়ে, যেখান থেকে শিশুটির জন্য অনেক কিছু প্রত্যাশা করা হয়। বিদ্যালয়ে সে যে-মূল্যবোধগুলো অর্জন করবে সেগুলো তাকে মনুষ্যত্বের অধিকতর নিকটে পৌঁছে দেয়। ধর্মশিক্ষার মাধ্যমে একটি শিশু যে মূল্যবোধ শিখে সেগুলো অতুলনীয়। কারণ ধর্মশিক্ষার মূল লক্ষ্যই হলো মানুষকে প্রথমে খাঁটি মনুষ্যত্ব শিক্ষা দেওয়া এবং পরে তার মধ্যে ধর্মীয় আহ্বান জাগিয়ে তোলা। যে শিশুটির মধ্যে মনুষ্যত্ব যত বেশি জাগ্রত হয় সে তত বেশি পরিমাণে ধর্মপরায়ণ হতে পারে।

খ্রিষ্টধর্ম শিক্ষার শিক্ষাক্রমে বরাবরই খ্রিষ্টীয় মূল্যবোধের আলোকে জীবন গঠনের উপর সবিশেষ গুরুত্ব প্রদান করা হয়। তবে পূর্বেকার খ্রিষ্টধর্ম শিক্ষাক্রমের সাথে এবারের শিক্ষাক্রমের একটি প্রধান পার্থক্য হলো এই যে, এবার ধর্মীয় মূল্যবোধের পাশাপাশি বেশ কিছু মানবীয় ও নৈতিক মূল্যবোধের উপর সবিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। শিক্ষাক্রমটি এমনভাবে সন্নিবেশিত করা হয়েছে যেন ধর্মশিক্ষা আমাদের শিক্ষার্থীদেরকে শুধু তত্ত্বগত ধর্মীয় জ্ঞানদান করেই ক্ষান্ত না হয় বরং তা যেন তাদের জীবনের সার্বিক দিকগুলোকে অর্থাৎ তাদের আবেগীয়, আধ্যাত্মিক, নৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, স্বাস্থ্যগত এবং মনোপেশিজ দিকগুলোকেও প্রভাবিত করে।

খ্রিষ্টধর্ম শিক্ষার শিক্ষাক্রমটি প্রণয়নে এমনভাবে পরিকল্পনা করা হয়েছে যেন আমাদের শিক্ষার্থীরা ভালো ও মন্দের মধ্যেকার পার্থক্য বুঝতে শেখে, মন্দকে পরিহার করে ও ভালোকে গ্রহণ করার মাধ্যমে নৈতিক চরিত্রবান ব্যক্তি হয়ে উঠে। এতে আরও নজর রাখা হয়েছে যেন শিক্ষার্থীরা নিজেদেরকে তথা নিজেদের সবলতা ও দুর্বলতাগুলো আবিষ্কার করার মাধ্যমে নিজেদেরকে ভালোরূপে চিনতে পারে এবং এভাবে প্রথমে ঈশ্বরকে, অতঃপর ঈশ্বরের সৃষ্ট সকল প্রাণী ও প্রকৃতিকে তাদের নিজ নিজ প্রকৃতি অনুযায়ী চিনতে পারে ও তাদের সম্মান করে ও ভালোবাসে। তারা যেন অন্য সকল মানুষকেও -- নারী ও পুরুষ, বৃদ্ধ ও শিশু, ধনী ও গরিব -- সকলকে সমান মর্যাদা দেয়, ভালোবাসে; তারা যেন পরার্থপর এবং সেবাকাজে ব্রতী মানুষ হতে শুরু করে এবং সারা জীবন এই প্রচেষ্টা চালিয়ে যেতে পারে।

তবে এই মহতী লক্ষ্যটি পুরোপুরিভাবে অর্জন নির্ভর করবে আমাদের শিক্ষকদের শিক্ষাদান কৌশলের উপর, অর্থাৎ তাঁদের ব্যক্তিগত জীবনে বিশ্বাসের দাবী অনুসারে গভীরভাবে জীবন যাপনের উপর।

# আবশ্যকীয় শিখনক্রম
# বিষয়: খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | পঞ্চম শ্রেণি |
| ১। নিজেকে জানার মাধ্যমে ঈশ্বরের সন্ধান করতে পারা। | ১.১ মানুষকে কে সৃষ্টি করেছেন ও কেন সৃষ্টি করেছেন তা বলতে পারবে। | ১.১ ঈশ্বর মানুষকে দেহ ও আত্মা দিয়ে সৃষ্টি করেছেন তা বলতে পারবে। | ১.১ আমরা চারিদিকে যা-কিছু দেখি এসব কে সৃষ্টি করেছেন তা বর্ণনা করতে পারবে। | ১.১ মানুষকে ঈশ্বর কেন সৃষ্টি করেছেন তা বর্ণনা করতে পারবে।<br>১.২ মানুষ কোথা থেকে এসেছে এবং মৃত্যুর পর কোথায় যাবে তার বর্ণনা দিতে পারবে। | ১.১ মানুষের দেহ, মন ও আত্মা সম্পর্কে বর্ণনা দিতে পারবে।<br>১.২ ঈশ্বর আমাদের ও অন্য সব কিছুর নিয়ন্তা ও লালন-পালনকর্তা, এবিষয়ে বর্ণনা করতে পারবে। |
| ২। সর্বশক্তিমান ঈশ্বর ও তাঁর সৃষ্টি সম্পর্কে ধারণা লাভ করা, তাঁর উপর বিশ্বাস স্থাপন করা ও তাঁর সকল সৃষ্টিকে ভালোবাসা। | ২.১ ঈশ্বর কে তা বলতে পারবে।<br>২.২ ঈশ্বর সব কিছুই সৃষ্টি করেছেন তা বলতে পারবে। | ২.১ ঈশ্বর মানুষকে সৃষ্টি করেছেন তা বলতে পারবে।<br>২.২ সৃষ্টির জন্য ঈশ্বরের প্রশংসা করতে পারবে। | ২.১ ঈশ্বরের শক্তির কথা বর্ণনা করতে পারবে।<br>২.২ ঈশ্বর নিরাকার তা বর্ণনা করতে করবে। | ২.১ ঈশ্বরের সৃষ্টিকর্মের বর্ণনা দিতে পারবে।<br>২.২ ঈশ্বরের পবিত্রতা, দয়া ও অসীমতার কথা বর্ণনা করতে পারবে। | ২.১ ঈশ্বরের কোন আদি বা অন্ত নেই, সেই বিষয় বর্ণনা করতে পারবে।<br>২.২ ঈশ্বর সর্বত্র বিদ্যমান তা ব্যাখ্যা করতে পারবে। |
| ৩। ত্রিব্যক্তি পরমেশ্বর সম্পর্কে জানা ও পরস্পরের প্রতি শ্রদ্ধাশীল হওয়া। | ৩.১ ঈশ্বর এক এবং এক ঈশ্বরে তিন ব্যক্তি, এ সম্পর্কে বলতে পারবে। | ৩.১ তিন ব্যক্তির প্রথম ব্যক্তি পিতা ঈশ্বরের সংক্ষিপ্ত পরিচয় বলতে পারবে। | ৩.১ তিন ব্যক্তির দ্বিতীয় ব্যক্তি পুত্র ঈশ্বরের সংক্ষিপ্ত পরিচয় বর্ণনা করতে পারবে। | ৩.১ তিন ব্যক্তির তৃতীয় ব্যক্তি পবিত্র আত্মার সংক্ষিপ্ত পরিচয় বর্ণনা করতে পারবে। | ৩.১ ত্রিব্যক্তি পরমেশ্বরের একতার কথা ব্যাখ্যা করতে পারবে।<br>৩.২ ত্রিব্যক্তির মতো পরস্পরকে শ্রদ্ধা করবে ও ঐক্য বজায় রাখতে পারবে। |
| ৪। স্বর্গীয় দূত ও আদি পিতামাতার বিষয়ে অবগত হওয়া। | ৪.১ স্বর্গীয় দূত ও তাঁদের জীবন সম্পর্কে বলতে পারবে। | ৪.১ স্বর্গীয় দূত লুসিফের ও তার সঙ্গীদের পতনের কারণ বলতে পারবে। | ৪.১ স্বর্গীয় দূতদের পতন ও তাদের শাস্তির বিষয়ে বর্ণনা করতে পারবে। | ৪.১ এদেন বাগানে আদি পিতামাতার সুখের জীবন সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>৪.২ পাপের ফলে এদেন বাগান থেকে আদি পিতামাতার বিতাড়িত হওয়ার বিষয় বলতে পারবে। | ৪.১ কায়িন (কয়িন) ও আবেল (হেবল) সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>৪.২ কায়িন কর্তৃক আবেল হত্যার কথা বর্ণনা করতে পারবে। |
| ৫। পবিত্র বাইবেল সম্পর্কে ধারণা লাভ করা ও ঈশ্বরের বাণীর প্রতি শ্রদ্ধাশীল হওয়া। | ------------------- | ----------------- | ৫.১ পবিত্র বাইবেল সম্পর্কে বর্ণনা দিতে পারবে। | ৫.১ পবিত্র বাইবেলের বিভাগসমূহ ও পুস্তকসমূহ সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>৫.২ নতুন নিয়মের পুস্তকগুলোর নাম মুখস্থ বলতে পারবে। | ৫.১ পবিত্র বাইবেলের প্রবক্তাদের/নবীদের সম্পর্কে বর্ণনা করতে পারবে। |
| ৬। ঈশ্বরের দশ আজ্ঞার অর্থ বিশ্লেষণ করা ও আজ্ঞাগুলো মেনে চলা। | ৬.১ ঈশ্বরের আজ্ঞা ও দশ আজ্ঞা সম্পর্কে বলতে পারবে। | ৬.১ ঈশ্বরের দশ আজ্ঞা মুখস্থ বলতে পারবে। | ৬.১ ঈশ্বরের দশ আজ্ঞার প্রথম আজ্ঞার অর্থ ব্যাখ্যা করতে পারবে। | ৬.১ ঈশ্বরের দশ আজ্ঞার দ্বিতীয় ও তৃতীয় আজ্ঞার অর্থ ব্যাখ্যা করতে পারবে। | ৬.১ ঈশ্বরের দশ আজ্ঞার চতুর্থ থেকে দশম আজ্ঞার ব্যাখ্যা করতে পারবে। |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | পঞ্চম শ্রেণি |
| ৭। পাপ ও পরিত্রাণ সম্পর্কে অবগত হওয়া ও পাপ থেকে বিরত থাকা। | ৭.১ আদি পাপ সম্পর্কে বলতে পারবে। | ৭.১ পাপ কী তা বলতে পারবে। | ৭.১ মারাত্মক পাপ ও লঘু পাপ সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>৭.২ পাপের ফল ব্যাখ্যা করতে পারবে। | ৭.১ ঈশ্বরের সন্তান হিসেবে নিজ নিজ দায়িত্ব পালনে অবহেলার কারণে যে পাপ হয় তার বর্ণনা দিতে পারবে। | ৭.১ পরিত্রাণ বা মুক্তির অর্থ ব্যাখ্যা করতে পারবে।<br>৭.২ বাইবেলে মুক্তিদাতার বিষয়ে ভবিষ্যদ্বাণী সম্পর্কে বর্ণনা করতে পারবে। |
| ৮। মুক্তিদাতা যীশুর সাথে পরিচিত হওয়া ও তাঁকে অনুসরণ করা। | ৮.১ প্রভু যীশুর জন্ম সম্পর্কে বলতে পারবে। | ৮.১ প্রভু যীশুর মন্দিরে হারিয়ে যাওয়ার ঘটনা বলতে পারবে। | ৮.১ মুক্তিদাতার পৃথিবীতে আগমনের উদ্দেশ্য ও তাঁর জন্মের ঘটনা বর্ণনা করতে পারবে। | ৮.১ মুক্তিদাতা যীশুর মুক্তিকাজ সম্পর্কে বর্ণনা করতে পারবে। | ৮.১ মুক্তিদাতা যীশুর যাতনাভোগ, মৃত্যু, পুনরুত্থান ও স্বর্গারোহণ সম্পর্কে বর্ণনা করতে পারবে। |
| ৯। পবিত্র আত্মা সম্পর্কে ধারণা লাভ করা ও পবিত্র আত্মার অনুপ্রেরণায় চলা। | ৯.১ পবিত্র আত্মা কে তা বলতে পারবে। | ৯.১ দীক্ষাাাানে ও হস্তার্পণে পবিত্র আত্মাকে লাভ করা সম্পর্কে বলতে পারবে। | ৯.১ পবিত্র আত্মার সাতটি দান ও বারোটি ফলের নাম বর্ণনা করতে পারবে। | ৯.১ পঞ্চাশত্তমী দিনে পবিত্র আত্মার অবতরণের ঘটনা বর্ণনা করতে পারবে। | ৯.১ পবিত্র আত্মার অনুপ্রেরণায় চলার অর্থ ব্যাখ্যা করতে পারবে। |
| ১০। খ্রিষ্টমণ্ডলী সম্পর্কে ধারণা লাভ করা ও মণ্ডলীর সক্রিয় সদস্য হিসেবে জীবন যাপন করা। | ১০.১ খ্রিষ্টমণ্ডলী একটি দেহের মতো তা বলতে পারবে। | ১০.১ মণ্ডলীর মস্তক কে এবং অন্যান্য অঙ্গপ্রত্যঙ্গ কারা তা বলতে পারবে। | ১০.১ মণ্ডলীর বিভিন্ন জনের বিভিন্ন দায়িত্ব-কতর্ব্যের বিষয় বর্ণনা করতে পারবে। | ১০.১ মণ্ডলীর সদস্য হিসেবে আমরা প্রভুর ভোজে মিলিত হয়ে এক পরিবার হই, এবিষয়ে ব্যাখ্যা করতে পারবে। | ১০.১ বাস্তব জগতে মণ্ডলীর বিভিন্ন কাজকর্মের বিষয় বর্ণনা করতে পারবে। |
| ১১। সাক্রামেন্তগুলো (মাণ্ডলীক অনুষ্ঠান) সম্পর্কে ধারণা লাভ করা ও সাক্রামেন্তগুলো পবিত্রভাবে গ্রহণ করা। | ১১.১ সাতটি সাক্রামেন্তের নাম মুখস্থ বলতে পারবে। | ১১.১ সাতটি সাক্রামেন্তের নাম বলতে পারবে। | ১১.১ বাপ্তিস্ম (দীক্ষাস্নান) সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে। | ১১.১ পাপস্বীকার, খ্রিষ্টপ্রসাদ (প্রভুর ভোজ) ও হস্তার্পণ সম্পর্কে বর্ণনা করতে পারবে। | ১১.১ রোগীলেপন (রোগীদের জন্য প্রার্থনা), যাজকবরণ (যাজক অভিষেক) ও বিবাহ সম্পর্কে ধারণা লাভ করবে। |
| ১২। ঈশ্বরের আহূত বিশেষ ব্যক্তিদের সম্পর্কে অবগত হওয়া ও তাঁদের আদর্শ অনুসারে চলা। | ১২.১ মোশীর আহ্বানের কথা বলতে পারবে। সামুয়েলের আহ্বান সম্পর্কে বলতে পারবে। | ১২.১ পলের মন পরিবর্তনের কথা বলতে পারবে। | ১২.১ ঈশ্বরের আহূত ব্যক্তি নোয়া (নোহ) কর্তৃক ঈশ্বরের ইচ্ছা মেনে চলার আদর্শের কথা বর্ণনা করতে করবে। | ১২.১ ঈশ্বরের আহূত ব্যক্তি আব্রাহামের ঈশ্বরের পথে চলার বিষয়ে বর্ণনা করতে পারবে। | ১২.১ ঈশ্বরের আহূত ব্যক্তি হিসেবে রুথ কিভাবে পারিবারিক জীবনেও ঈশ্বরের পথে বিশ্বস্ত ছিলেন তা বর্ণনা করতে পারবে। |
| ১৩। খ্রিষ্টীয় মূল্যবোধের আলোকে বিশিষ্ট ব্যক্তিদের জীবনাদর্শ পর্যালোচনা করা ও তাঁদের আদর্শ অনুসারে চলা। | -------------------- | ----------------- | ১৩.১ মাদার তেরেজার জীবন থেকে খ্রিষ্টীয় সেবার মূল্যবোধ সম্পর্কে বর্ণনা করতে পারবে। | ১৩.১ পোপ দ্বিতীয় জন পলের জীবন থেকে ক্ষমা ও পুনর্মিলনের মূল্যবোধ সম্পর্কে বর্ণনা করতে পারবে। | ১৩.১ নেলসন মেণ্ডেলার জীবন, ভালোবাসা ও সৎসাহস সম্পর্কিত শিক্ষা বর্ণনা করতে পারবে। |
| ১৪। মৃত্যু, পুনরুত্থান, শেষ বিচার, স্বর্গ ও নরক বিষয়ে খ্রিষ্টধর্মের শিক্ষাসমূহ সম্পর্কে অবগত হওয়া ও সে অনুসারে জীবন যাপন করা। | ১৪.১ স্বর্গ ও নরক সম্বন্ধে বলতে পারবে। | ১৪.১ শেষ বিচার সম্পর্কে বলতে পারবে। | ১৪.১ প্রভু যীশুর মৃত্যু ও পুনরুত্থান সম্পর্কে বর্ণনা করতে পারবে। | ১৪.১ স্বর্গ ও নরক সম্পর্কে বর্ণনা করতে পারবে। | ১৪.১ শেষ বিচারে কী কী ঘটবে তা ব্যাখ্যা করতে পারবে। |

| প্রান্তিক যোগ্যতা | শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | পঞ্চম শ্রেণি |
| ১৫। খ্রিষ্টীয় বিশ্বাসমন্ত্র (বিশ্বাসসূত্র) ব্যাখ্যা করা ও বিশ্বাসপূর্ণ যীবন যাপন করা। | | ১৫.১ বিশ্বাসমন্ত্র (বিশ্বাসসূত্র) মুখস্থ বলতে পারবে। | ১৫.১ বিশ্বাসমন্ত্র (বিশ্বাসসূত্র) মুখস্থ বলতে পারবে। | ১৫.১ বিশ্বাসমন্ত্র বর্ণনা করতে পারবে। | ---------------- |
| ১৬। প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার কৌশল সম্পর্কে অবগত হওয়া ও জীবনে সেগুলো অবলম্বন করা। | ------------------ | ------------------ | ১৬.১ বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ ভূমিকম্প সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>১৬.২ ভূমিকম্পের ক্ষতিকর প্রভাবসমূহ সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>১৬.৩ ভূমিকম্পের সময় জীবন রক্ষার কৌশলসমূহ বর্ণনা করতে পারবে। | ১৬.১ বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ বন্যা ও খরা সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>১৬.২ বন্যা ও খরার ক্ষতিকর প্রভাব সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>১৬.৩ বন্যা ও খরার সময় করণীয় সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>১৬.৪ বন্যা ও খরার ক্ষতিকর প্রভাব মোকাবেলার উপায় সম্পর্কে বর্ণনা করতে পারবে। | ১৬.১ বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ টর্নেডো ও গ্রীষ্মমণ্ডলীয় ঘূর্ণিঝড় (সাইক্লোন) সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>১৬.২ টর্নেডো ও গ্রীষ্মমণ্ডলীয় ঘূর্ণিঝড়ের ক্ষতিকর প্রভাবগুলো সম্পর্কে বলতে পারবে।<br>১৬.৩ টর্নেডো ও গ্রীষ্মমণ্ডলীয় ঘূর্ণিঝড়ের প্রভাব মোকাবেলার উপায়সমূহ বর্ণনা করতে পারবে। |
| ১৭। বাংলাদেশের মুক্তিযুদ্ধ সম্পর্কে জ্ঞান লাভ করা ও দেশপ্রেমে উদ্বুদ্ধ হওয়া। | ------------------ | ---------------- | ১৭.১ বাংলাদেশের মুক্তিযুদ্ধে খ্রিষ্টানদের অংশগ্রহণের কথা বর্ণনা করতে পারবে। | ১৭.১ বাংলাদেশের মুক্তিযুদ্ধে খ্রিষ্টানদের অবদানের কথা বর্ণনা করতে পারবে। | ১৭.১ দেশ সেবায় বাংলাদেশ খ্রিষ্টমণ্ডলীর অংশগ্রহণের কথা বর্ণনা করতে পারবে। |
| ১৮। গণতন্ত্র ও এর সুফলসমূহ সম্পর্কে অবহিত হওয়া এবং গণতন্ত্রের আদর্শ অনুসারে চলা। | ------------------ | ------------------ | ১৮.১ গণতন্ত্র ও এর প্রধান দিকগুলো সম্পর্কে বর্ণনা করতে পারবে। | ১৮.১ অর্থনৈতিক, সাংস্কৃতিক, সামাজিক উন্নয়নে গণতন্ত্রের ভূমিকার কথা বলতে পারবে। | ১৮.১ মানবাধিকার সংরক্ষণে গণতন্ত্রের ভূমিকার কথা বর্ণনা করতে পারবে। |

# বিস্তৃত শিক্ষাক্রম
# বিষয়: খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা

## শ্রেণি: প্রথম

| প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/ পরীক্ষণ/ প্রদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে) | লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১। নিজেকে জানার মাধ্যমে ঈশ্বরের সন্ধান করতে পারা। | ১.১ মানুষকে কে সৃষ্টি করেছেন ও কেন সৃষ্টি করেছেন তা বলতে পারবে। | ১.১.১ মানুষকে কে সৃষ্টি করেছেন, তা বলতে পারবে।<br>১.১.৩ মানুষকে কেন সৃষ্টি করা হয়েছে তা বলতে পারবে। | **মানুষ সৃষ্টি** | শিক্ষক একটি মানুষের ছবি প্রদর্শন করবে এবং শিক্ষার্থীরা ছবিতে কী কী দেখছে তা বলবে। | ছোট ছোট প্রশ্নের মাধ্যমে পাঠটি তৈরি করবেন।<br><br>একটি মানুষের ছবি। |
| ২। সর্বশক্তিমান ঈশ্বর ও তাঁর সৃষ্টি সম্পর্কে ধারণা লাভ করা, তাঁর উপর বিশ্বাস স্থাপন করা ও তাঁর সকল সৃষ্টিকে ভালোবাসা। | ২.১ ঈশ্বর কে তা বলতে পারবে।<br>২.২ ঈশ্বর সব কিছুই সৃষ্টি করেছেন তা বলতে পারবে। | ২.১.১ ঈশ্বর মানুষের স্রষ্টা, তা বলতে পারবে।<br>২.১.২ ঈশ্বর জগতের সব কিছুরই স্রষ্টা, তা বলতে পারবে।<br>২.১.৩ ঈশ্বরকে ভালোবাসবে ও ভক্তি করবে। | **সৃষ্টিকর্তা ঈশ্বর** | ----------- | মানুষ ও জগতের সব কিছুই ঈশ্বর সৃষ্টি করেছেন তা প্রশ্নোত্তরের মাধ্যমে লিখবেন।<br><br>একটি শিশু বসে গভীর চিন্তা করছে, এরকম একটি ছবি। |
| ৩। ত্রিব্যক্তি পরমেশ্বর সম্পর্কে জানা ও পরস্পরের প্রতি শ্রদ্ধাশীল হওয়া। | ৩.১ ঈশ্বর এক এবং এক ঈশ্বরে তিন ব্যক্তি, এ সম্পর্কে বলতে পারবে। | ৩.১.১ ঈশ্বর এক তা বলতে পারবে।<br>৩.১.২ এক ঈশ্বরে তিন ব্যক্তি তা বলতে পারবে। | **ত্রিব্যক্তি পরমেশ্বর** | ক্রুশের চিহ্ন করবে।<br><br>ত্রিত্বের জয় প্রার্থনাটি বলবে। | ঈশ্বর এক এবং তিন ব্যক্তিতে এক ঈশ্বর তা প্রশ্নোত্তরের মাধ্যমে লিখবেন।<br><br>- পিতা, মাতা ও দুইজন সন্তানের একটি ছবি।<br>- ত্রিত্ব পরমেশ্বরের একটি আইকন। |
| ৪। স্বর্গীয় দূত ও আদি পিতামামাতার বিষয়ে অবগত হওয়া। | ৪.১ স্বর্গীয় দূত ও তাদের জীবন সম্পর্কে বলতে পারবে। | ৪.১.১ স্বর্গদূত কারা তা বলতে পারবে।<br>৪.১.২ স্বর্গ দূতগণ কী করেন তা বলতে পারবে। | **স্বর্গীয় দূত** | স্বর্গদূতেরা ঈশ্বরের উদ্দেশ্যে আরাধনা করছে এরকম ছবি প্রদর্শন করবেন ও শিক্ষার্থীরা কী দেখছে তা বলবে। | স্বর্গদূত কারা এবং তাঁদের কাজ কী তা প্রশ্নোত্তরের মাধ্যমে লিখবেন।<br><br>স্বর্গের একটি কল্পিত ছবি। |
| ৫। পবিত্র বাইবেল সম্পর্কে ধারণা লাভ করা ও ঈশ্বরের বাণীর প্রতি শ্রদ্ধাশীল হওয়া। | ------------------- | -------------- | -------------- | -------------- | -------------- |

| প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/ পরীক্ষণ/ প্রদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে) | লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ৬। ঈশ্বরের দশ আজ্ঞার অর্থ বিশ্লেষণ করা ও আজ্ঞাগুলো মেনে চলা। | ৬.১ ঈশ্বরের আজ্ঞা ও দশ আজ্ঞা সম্পর্কে বলতে পারবে। | ৬.১.১ আজ্ঞা অর্থ কী তা বলতে পারবে।<br>৬.১.২ ঈশ্বরের আজ্ঞা কী তা বলতে পারবে।<br>৬.১.৩ ঈশ্বরের দশ আজ্ঞা কী তা বলতে পারবে। | **ঈশ্বরের দশ আজ্ঞা** | | আজ্ঞা, ঈশ্বরের আজ্ঞা এবং ঈশ্বরের দশ আজ্ঞা সম্পর্কে প্রশ্নোত্তরের মাধ্যমে লিখবেন। |
| ৭। পাপ ও পরিত্রাণ সম্পর্কে অবগত হওয়া ও পাপ থেকে বিরত থাকা। | ৭.১ আদি পাপ সম্পর্কে বলতে পারবে। | ৭.১.১ আদি পাপ কী তা বলতে পারবে।<br>৭.১.২ পাপ করা থেকে বিরত থাকবে। | **আদিপাপ** | শিক্ষক দীক্ষাস্নানের পূর্বের ও পরের অবস্থা বুঝানোর জন্য দুইটি ছবি প্রদর্শন করবেন এবং শিক্ষার্থীরা দুইটির মধ্যেকার পার্থক্য নির্ণয় করবে। | প্রশ্নোত্তরের মাধ্যমে পরিষ্কার করে আদিপাপের ধারণা তুলে ধরবেন।<br>দীক্ষাস্নানের পূর্বে আদিপাপের দাগ সম্বলিত একটি ছবি এবং পাশে দীক্ষাস্নানের পর পরিষ্কার আত্মার একটি ছবি। |
| ৮। মুক্তিদাতা যীশুর সাথে পরিচিত হওয়া ও তাঁকে অনুসরণ করা। | ৮.১ প্রভু যীশুর জন্ম সম্পর্কে বলতে পারবে। | ৮.১.১ যীশুর জন্মের ঘটনা সম্পর্কে বলতে পারবে।<br>৮.১.২ মুক্তিদাতা যীশুকে শ্রদ্ধা, সম্মান করবে ও ভালোবাসবে। | **প্রভু যীশুর জন্ম** | যীশুর জন্মের একটি ছবি আঁকবে। | যীশুর জন্মের ছবি প্রদর্শন করে প্রশ্নোত্তরের মাধ্যমে যীশুর জন্মের ঘটনার বিবরণ লিখবেন।<br>যীশুর জন্মের চিত্র অঙ্কন করবেন। |
| ৯। পবিত্র আত্মা সম্পর্কে ধারণা লাভ করা ও পবিত্র আত্মার অনুপ্রেরণায় চলা। | ৯.১ পবিত্র আত্মা সম্পর্কে বলতে পারবে। | ৯.১.১ পবিত্র আত্মা কে তা বলতে পারবে।<br>১০.১.২ পবিত্র আত্মার কাছে প্রার্থনা করবে। | **পবিত্র আত্মা** | কবুতরের ছবি অঙ্কন করবে। | পবিত্রাত্মা সম্পর্কে প্রশ্নোত্তরের মাধ্যমে বুঝিয়ে লিখবেন।<br>যীশু দীক্ষাস্নান গ্রহণ করছেন ও পবিত্র আত্মা কবুতরের আকারে নেমে আসছেন, এরকম একটি ছবি আঁকবেন। |
| ১০। খ্রিষ্টমণ্ডলী সম্পর্কে ধারণা লাভ করা ও মণ্ডলীর সক্রিয় সদস্য হিসেবে জীবন যাপন করা। | ১০.১ খ্রিষ্টমণ্ডলী একটি দেহের মতো, তা বলতে পারবে। | ১০.১.১ খ্রিষ্টমণ্ডলী সম্পর্কিত ধারণা ব্যক্ত করতে পারবে।<br>১০.১.২ যীশুর নির্দেশ মেনে চলবে। | **খ্রিষ্টমণ্ডলী** | একটি মানব দেহের ছবি আঁকবে। | প্রশ্নোত্তরের মাধ্যমে খ্রিষ্টমণ্ডলী সম্পর্কে লিখবেন।<br>মানব দেহের একটি চিত্র আঁকবেন। |
| ১১। সাক্রামেন্তগুলো (মাণ্ডলীক অনুষ্ঠান) সম্পর্কে ধারণা লাভ করা ও সাক্রামেন্তগুলো পবিত্রভাবে গ্রহণ করা। | ১১.১ সাতটি সাক্রামেন্ত সম্পর্কে বলতে পারবে। | ১১.১.১ সাতটি সাক্রামেন্তের নাম মুখস্থ বলতে পারবে।<br>১১.১.২ সাক্রামেন্তের পবিত্রতা বজায় রাখবে। | **সাক্রামেন্ত** | সাক্রামেন্তের নামগুলো মুখস্থ বলবে। | সাতটা সাক্রামেন্তের নাম লিখবেন।<br>দীক্ষাস্নানের ছবি। |
| **প্রান্তিক যোগ্যতা** | **অর্জন উপযোগী যোগ্যতা** | **শিখনফল** | **বিষয়বস্তু** | **পরিকল্পিত কাজ/ পরীক্ষণ/** | **লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা** |

| | | | | প্রদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে) | |
|---|---|---|---|---|---|
| ১২। ঈশ্বরের আহূত বিশেষ ব্যক্তিদের সম্পর্কে অবগত হওয়া ও তাঁদের আদর্শ অনুসারে চলা। | ১২.১ সামুয়েলের আহ্বান সম্পর্কে বলতে পারবে। | ১২.১.১ আহ্বান অর্থ বলতে পারবে।<br>১২.১.২ সামুয়েলকে ঈশ্বর কীভাবে আহ্বান করেছিলেন তা বর্ণনা করতে পারবে।<br>১২.১.৩ ঈশ্বর প্রত্যেক মানুষকে আহ্বান করেন তা বলতে পারবে। | **সামুয়েলের আহ্বান** | ---------------- | আহ্বান ও সামুয়েলের আহ্বানের ঘটনার বিবরণ লিখবেন।<br><br>বালক সামুয়েলের ছবি। |
| ১৩। খ্রিষ্টীয় মূল্যবোধের আলোকে বিশিষ্ট ব্যক্তিদের জীবনাদর্শ পর্যালোচনা করা ও তাঁদের আদর্শ অনুসারে চলা। | ---------------------- | ---------------------- | ------------------- | ---------------------- | ---------------------- |
| ১৪। মৃত্যু, পুনরুত্থান, শেষ বিচার, স্বর্গ ও নরক বিষয়ে খ্রিষ্টধর্মের শিক্ষাসমূহ সম্পর্কে অবগত হওয়া ও সে অনুসারে জীবন যাপন করা। | ১৪.১ স্বর্গ ও নরক সম্বন্ধে বলতে পারবে। | ১৪.১.১ স্বর্গ কী তা বলতে পারবে।<br>১৪.১.২ নরক কী তা বলতে পারবে।<br>১৪.১.৩ পবিত্রভাবে জীবন যাপন করে স্বর্গের পথে চলবে। | **স্বর্গ ও নরক** | ---------------------- | স্বর্গ ও নরকের বিবরণ লিখবেন।<br><br>স্বর্গ ও নরকের ছবি |
| ১৫। খ্রিষ্টীয় বিশ্বাসমন্ত্র (বিশ্বাসসূত্র) ব্যাখ্যা করা ও বিশ্বাসপূর্ণ যীবন যাপন করা। | ১৫.১ বিশ্বাসমন্ত্র (বিশ্বাসসূত্র) সম্পর্কে বলতে পারবে। | ১৫.১.১ বিশ্বাসমন্ত্র (বিশ্বাসসূত্র) মুখস্থ বলতে পারবে। | **বিশ্বাসমন্ত্র (সূত্র)** | ------------------- | বিশ্বাসমন্ত্র লিখবেন<br><br>জানুপাত ও করজোরে প্রার্থনারত শিক্ষার্থীর একটি ছবি। |
| ১৬। প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার কৌশল সম্পর্কে অবগত হওয়া ও জীবনে সেগুলো অবলম্বন করা। | ------------------ | ------------------ | ------------------ | ------------------ | ------------------ |
| ১৭। বাংলাদেশের মুক্তিযুদ্ধ সম্পর্কে জ্ঞান লাভ করা ও দেশপ্রেমে উদ্বুদ্ধ হওয়া। | -------------------- | -------------------- | ------------------ | ------------------- | ------------------- |
| ১৮। গণতন্ত্র ও এর সুফলসমূহ সম্পর্কে অবহিত হওয়া এবং গণতন্ত্রের আদর্শ অনুসারে চলা। | ------------------ | ------------------ | ----------------- | ------------------ | ------------------ |

# শ্রেণি: দ্বিতীয়

| প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/ পরীক্ষণ/ প্রদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে) | লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১। নিজেকে জানার মাধ্যমে ঈশ্বরের সন্ধান করতে পারা। | ১.১ ঈশ্বর মানুষকে দেহ ও আত্মা দিয়ে সৃষ্টি করেছেন তা বলতে পারবে। | ১.১.১ সৃষ্টি বলতে কী বুঝায় তা বলতে পারবে।<br>১.১.২ ঈশ্বর মানুষকে দেহ ও আত্মা দিয়ে সৃষ্টি করেছেন তা বলতে পারবে।<br>১.১.৩ ঈশ্বর মানুষকে কেন সৃষ্টি করেছেন তা বলতে পারবে। | **মানুষ** | মানুষের ছবি আঁকবে। | মানুষের সৃষ্টিকর্তা সম্পর্কে লিখবেন।<br><br>মানুষের ছবি। |
| ২। সর্বশক্তিমান ঈশ্বর ও তাঁর সৃষ্টি সম্পর্কে ধারণা লাভ করা, তাঁর উপর বিশ্বাস স্থাপন করা ও তাঁর সকল সৃষ্টিকে ভালোবাসা। | ২.১ ঈশ্বর মানুষ ও জগতের সব কিছুই সৃষ্টি করেছেন তা বলতে পারবে।<br>২.২ সৃষ্টির জন্য ঈশ্বরের প্রশংসা করতে পারবে। | ২.১.১ ঈশ্বরের সব কিছু করার শক্তি আছে, তা বলতে পারবে।<br>২.১.২ ঈশ্বর সব কিছুই সৃষ্টি করেছেন তা বলতে পারবে।<br>২.১.৩ ঈশ্বরকে সর্বদা শ্রদ্ধা ও সম্মান করবে। | **সৃষ্টিকর্তা ঈশ্বর** | সৃষ্টির জন্য ঈশ্বরের কাছে প্রশংসামূলক একটি প্রার্থনা বলবে। | সৃষ্টিকর্তা ঈশ্বর সম্পর্কে লিখবেন।<br><br>সৃষ্টির একটি ছবি। |
| ৩। ত্রিব্যক্তি পরমেশ্বর সম্পর্কে জানা ও পরস্পরের প্রতি শ্রদ্ধাশীল হওয়া। | ৩.১ তিন ব্যক্তির প্রথম ব্যক্তি পিতা ঈশ্বরের সংক্ষিপ্ত পরিচয় বলতে পারবে। | ৩.১.১ তিন ব্যক্তিতে মিলে এক ঈশ্বর, তা বলতে পারবে।<br>৩.১.২ ত্রিত্বের তিন ব্যক্তি সমান, তা বলতে পারবে।<br>৩.১.৩ সকল মানুষকে শ্রদ্ধা করবে। | **ত্রিব্যক্তি পরমেশ্বর** | একটি ত্রিভুজের ছবি অঙ্কন করবে। | ঈশ্বরের তিন ব্যক্তির বিবরণ লিখবেন।<br><br>ত্রিত্ব পরমেশ্বরের আইকন। |
| ৪। স্বর্গীয় দূত ও আদি পিতামামাতার বিষয়ে অবগত হওয়াা। | ৪.১ এদেন বাগানে আদি পিতামাতার সুখের জীবন সম্পর্কে বলতে পারবে।<br>৪.২ পাপের ফলে এদেন বাগান থেকে আদি পিতামাতার বিতাড়িত হওয়ার বিষয় বলতে পারবে। | ৪.১.১ এদেন বাগানে আদম ও হবা কীরকম সুখের অবস্থায় বাস করতেন তা বলতে পারবে।<br>৪.১.২ আদম ও হবা কী পাপ করেছিলেন তার বলতে পারবে।<br>৪.১.৩ অবাধ্যতার পাপের ফলে আদম ও হবাকে কীভাবে এদেন বাগান থেকে বিতাড়িত করা হলো তা বলতে পারবে।<br>৪.১.৪ পাপের পথ পরিহার করে চলবে। | **আদম ও হবা** | এদেন বাগানে আদম ও হবার ছবি আঁকবে। | এদেন বাগানে আদম ও হবা সুখের স্থানে ছিলেন, কিন্তু সাপ তাদেরকে নিষিদ্ধ ফল খাইয়েছে--এই বিবরণ লিখবেন।<br><br>এদেন বাগানে আদম ও হবার ছবি। |
| ৫। পবিত্র বাইবেল সম্পর্কে ধারণা লাভ করা ও ঈশ্বরের বাণীর প্রতি শ্রদ্ধাশীল হওয়া। | -------------------- | -------------------- | ------------- | ------------------- | --------------------- |
| ৬। ঈশ্বরের দশ আজ্ঞার অর্থ বিশ্লেষণ করা ও আজ্ঞাগুলো মেনে চলা। | ৬.১ ঈশ্বরের দশ আজ্ঞা সম্পর্কে বলতে পারবে। | ৬.১.১ ঈশ্বরের দশ আজ্ঞা মুখস্থ বলতে পারবে।<br>৬.১.২ ঈশ্বরের দশ আজ্ঞা মেনে চলবে। | **ঈশ্বরের দশ আজ্ঞা** | ঈশ্বরের দশ আজ্ঞা মুখস্থ বলবে। | দশ আজ্ঞা লিখবেন।<br><br>মোশীর দুই হাতে পাথরে খোদাই করা দশ আজ্ঞার ছবি। |

| প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/ পরীক্ষণ/ প্রদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে) | লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ৭। পাপ ও পরিত্রাণ সম্পর্কে অবগত হওয়া ও পাপ থেকে বিরত থাকা। | ৭.১ পাপ কী তা বলতে পারবে। | ৭.১.১ পাপ কী তা বলতে পারবে।<br>৭.১.২ পাপ কয় প্রকার ও কী কী তা বলতে পারবে।<br>৭.১.৩ পাপ পরিহার করে চলবে। | **পাপের প্রকারভেদ** | পাপের দাগ সম্বলিত আত্মার একটি ছবি আঁকবে। | পাপ কী, পাপ কত প্রকার, পাপ পরিহার করে চলার উপায় সম্পর্কে লিখবেন।<br><br>পাপের দাগ সম্পলিত একটি আত্মার ছবি। |
| ৮। মুক্তিদাতা যীশুর সাথে পরিচিত হওয়া ও তাঁকে অনুসরণ করা। | ৮.১ প্রভু যীশুর মন্দিরে হারিয়ে যাওয়ার ঘটনা বলতে পারবে। | ৮.১.১ যীশু কত বছর বয়সে, কার কার সাথে ও কেন মন্দিরে গিয়েছিলেন তা বলতে পারবে।<br>৮.১.২ যীশু কীভাবে মন্দিরে হারিয়ে গিয়েছিলেন তা বলতে পারবে।<br>৮.১.৩ যীশুকে কীভাবে মন্দিরে খুঁজে পাওয়া গিয়েছিল তা বলতে পারবে।<br>৮.১.৪ যীশু জ্ঞানে ও বয়সে বৃদ্ধি পেতে লাগলেন এবং বাবা ও মায়ের বাধ্য হয়ে চলতে থাকলেন তা বলতে পারবে। | **মন্দিরে বালক যীশু** | মন্দিরে বালক যীশুর ছবি আঁকবে। | মন্দিরে বালক যীশুর হারিয়ে যাওয়ার ও তাঁকে ফিরে পাওয়ার ঘটনা লিখবেন।<br><br>মন্দিরে বালক যীশু পণ্ডিতদের মাঝে দাঁড়িয়ে কথা বলছেন এমন একটি ছবি। |
| ৯। পবিত্র আত্মা সম্পর্কে ধারণা লাভ করা ও পবিত্র আত্মার অনুপ্রেরণায় চলা। | ৯.১ দীক্ষাস্নানে ও হস্তার্পণে পবিত্র আত্মাকে লাভ করা সম্পর্কে বলতে পারবে। | ৯.১.১ দীক্ষাস্নানের সময় যীশুর উপর পবিত্র আত্মার অবতরণের কথা বলতে পারবে। | **পবিত্র আত্মা** | যীশুর উপর পবিত্র আত্মার অবতরণের ছবি অঙ্কন করবে। | যীশুর উপর পবিত্র আত্মার অবতরণের ঘটনা লিখবেন।<br>যীশুর উপর পবিত্র আত্মার অবতরণের ছবি। |
| ১০। খ্রিষ্টমণ্ডলী সম্পর্কে ধারণা লাভ করা ও মণ্ডলীর সক্রিয় সদস্য হিসেবে জীবন যাপন করা। | ১০.১ মণ্ডলীর মস্তক কে এবং অন্যান্য অঙ্গপ্রত্যঙ্গ কারা তা বলতে পারবে। | ১০.১.১ মণ্ডলীর প্রধান কে তা বলতে পারবে।<br>১০.১.২ মণ্ডলীর সদস্য কারা তা বলতে পারবে।<br>১০.১.৩ মণ্ডলীর সদস্যগণ সকলে মিলে এক পরিবারের সদস্য, তা বলতে পারবে।<br>১০.১.৩ মণ্ডলীর সদস্যগণ প্রভুর ভোজে একত্রে মিলিত হয়ে প্রভুর ভোজ গ্রহণ করে, তার বর্ণনা দিতে পারবে।<br>১০.১.৪ সকলের সাথে একতা বজায় রাখবে ও সকলকে ভালোবাসবে। | **প্রভুর ভোজ** | --------------- | প্রভুর ভোজের বিষয়ে লিখবেন।<br><br>খ্রিষ্টযাগ বা প্রভুর ভোজে সম্মিলিত জনগণের ছবি আঁকবে। |
| ১১। সাক্রামেন্তগুলো (মাঙলীক অনুষ্ঠান) সম্পর্কে ধারণা লাভ করা ও সাক্রামেন্তগুলো পবিত্রভাবে গ্রহণ করা। | ১১.১ সাতটি সাক্রামেন্তের নাম বলতে পারবে। | ১১.১.১ সাতটি সাক্রামেন্তের নাম মুখস্থ বলতে পারবে।<br>১১.১.২ মানুষ পবিত্র হওয়ার জন্য ও ঈশ্বরের কৃপা গ্রহণ করার জন্য সাক্রামেন্ত গ্রহণ করে, তা বলতে পারবে। | **সাক্রামেন্ত** | সাতটি সাক্রামেন্তের নাম মুখস্থ বলবে। | সাতটি সাক্রামেন্ত, পবিত্র হওয়া ও ঈশ্বরের কৃপা লাভের বিষয় লিখবেন।<br><br>হস্তার্পণের একটি ছবি। |

| প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/ পরীক্ষণ/ প্রদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে) | লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১২। ঈশ্বরের আহূত বিশেষ ব্যক্তিদের সম্পর্কে অবগত হওয়া ও তাঁদের আদর্শ অনুসারে চলা। | ১২.১ পলের মন পরিবর্তনের কথা বলতে পারবে। | ১২.১.১ পল কীভাবে মানুষের উপর অত্যাচার করতেন তা বলতে পারবে।<br>১২.১.২ কীভাবে পলের মন পরিবর্তন হলো তা বলতে পারবে।<br>১২.১.৩ সর্বদা ঈশ্বরের পথে চলবে। | **পলের মন পরিবর্তন** | পল ঘোড়া থেকে মাটিতে পড়ে আছেন এরকম একটি ছবি আঁকবে। | পলের মন পরিবর্তনের বিষয় লিখবেন। যীশুর দর্শন পেয়ে পল ঘোড়া থেকে মাটিতে পড়ে আছেন, পাশে তাঁর সঙ্গীরা আছেন, এরকম একটি ছবি। |
| ১৩। খ্রিষ্টীয় মূল্যবোধের আলোকে বিশিষ্ট ব্যক্তিদের জীবনাদর্শ পর্যালোচনা করা ও তাঁদের আদর্শ অনুসারে চলা। | ----------------- | ----------------- | ---------- | ---------------------- | ---------------------- |
| ১৪। মৃত্যু, পুনরুত্থান, শেষ বিচার, স্বর্গ ও নরক বিষয়ে খ্রিষ্টধর্মের শিক্ষাসমূহ সম্পর্কে অবগত হওয়া ও সে অনুসারে জীবন যাপন করা। | ১৪.১ শেষ বিচার সম্পর্কে বলতে পারবে। | ১৪.১.১ সকল মানুষকে শেষ বিচারে উপস্থিত হতে হবে তা বলতে পারবে।<br>১৪.১.২ ভালো-মন্দ কাজের ভিত্তিতে সকল মানুষের বিচার হবে তা বলতে পারবে।<br>১৪.১.৩ বিচারের পর মানুষ স্বর্গে বা নরকে যাবে তা বলতে পারবে।<br>১৪.১.৪ সর্বদা সত্য ও পবিত্র পথে চলবে। | **শেষ বিচার** | শেষ বিচারে দণ্ড থেকে রক্ষা পাওয়ার জন্য একটি প্রার্থনা বলবে। | মথি ২৫ অধ্যায়ে বর্ণিত শেষ বিচারের বিবরণ লিখবেন।<br><br>বড় মাঠে বিচারক হিসেবে যীশু বসে আছেন, তাঁর সামনে বাম দিকে একদল লোক ও ডান দিকে আর এক দল লোকের ছবি। |
| ১৫। খ্রিষ্টীয় বিশ্বাসমন্ত্র (বিশ্বাসসূত্র) ব্যাখ্যা করা ও বিশ্বাসপূর্ণ যীবন যাপন করা। | ১৫.১ বিশ্বাসমন্ত্র (বিশ্বাসসূত্র) মুখস্থ বলতে পারবে। | ১৫.১.১ বিশ্বাসমন্ত্র (বিশ্বাসসূত্র) সম্পর্কে বলতে পারবে। | **বিশ্বাসমন্ত্র (বিশ্বাসসূত্র)** | ---------------- | বিশ্বাসমন্ত্রটি (বিশ্বাসসূত্র) লিখবেন।<br><br>শ্রেণিকক্ষে সম্মিলিত প্রার্থনারত শিক্ষার্থীদের একটি ছবি। |
| ১৬। প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার কৌশল সম্পর্কে অবগত হওয়া ও জীবনে সেগুলো অবলম্বন করা। | ------------------ | ------------------ | ---------- -------- | ------------------ | ------------------ |
| ১৭। বাংলাদেশের মুক্তিযুদ্ধ সম্পর্কে জ্ঞান লাভ করা ও দেশপ্রেমে উদ্বুদ্ধ হওয়া। | -------------------- | --------------------- | ---------- -------- | ------------------- | ------------------- |
| ১৮। গণতন্ত্র ও এর সুফলসমূহ সম্পর্কে অবহিত হওয়া এবং গণতন্ত্রের আদর্শ অনুসারে চলা। | ------------------ | ------------------ | ---------- | ------------------ | ------------------ |

# শ্রেণি: তৃতীয়

| প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/ পরীক্ষণ/ প্রদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে) | লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১। নিজেকে জানার মাধ্যমে ঈশ্বরের সন্ধান করতে পারা। | ১.১ আমরা চারিদিকে যা-কিছু দেখি এসব কে সৃষ্টি করেছেন তা বর্ণনা করতে পারবে। | ১.১.১ আমরা চারিদিকে কী কী দেখি তা বর্ণনা করতে পারবে।<br>১.১.২ আমাদের চারিদিকের সবকিছু কে সৃষ্টি করেছেন তা বলতে পারবে। | **মানুষ ও তার উৎস**<br>- আমাদের চারিদিকের সৃষ্টি<br>- সকল সৃষ্টির স্রষ্টা | চারিদিকে যা-কিছু দেখা যায় তার একটি তালিকা তৈরি করবে। | দৃশ্যমান সব কিছুর বর্ণনা দিবেন ও সব কিছুর স্রষ্টার বিষয়ে লিখবেন।<br><br>বিভিন্ন সৃষ্টির একটি ছবি। |
| ২। সর্বশক্তিমান ঈশ্বর ও তাঁর সৃষ্টি সম্পর্কে ধারণা লাভ করা, তাঁর উপর বিশ্বাস স্থাপন করা ও তাঁর সকল সৃষ্টিকে ভালোবাসা। | ২.১ ঈশ্বরের শক্তির কথা বর্ণনা করতে পারবে।<br>২.২ নিরাকার ঈশ্বর সম্পর্কে বর্ণনা করতে করবে। | ২.১.১ ঈশ্বর সব কিছু করতে পারেন তা বর্ণনা করতে পারবে।<br>২.১.২ ঈশ্বর সম্পূর্ণ নিরাকার, তিনি আত্মা, এসম্পর্কে বলতে পারবে।<br>২.১.৩ ঈশ্বরের আরাধনা করবে। | **ঈশ্বর**<br>- ঈশ্বর সর্বশক্তিমান<br>- ঈশ্বর নিরাকার | ঈশ্বর কী কী করতে পারেন তার একটি তালিকা তৈরি করবে। | ঈশ্বর সর্বশক্তিমান ও নিরাকার, এবিষয়ে লিখবেন।<br><br>একজন শিক্ষার্থী ঈশ্বরকে আরাধনা করছে এরকম একটি ছবি। |
| ৩। ত্রিব্যক্তি পরমেশ্বর সম্পর্কে জানা ও পরস্পরের প্রতি শ্রদ্ধাশীল হওয়া। | ৩.১ তিন ব্যক্তির দ্বিতীয় ব্যক্তি পুত্র ঈশ্বরের সংক্ষিপ্ত পরিচয় বর্ণনা করতে পারবে। | ৩.১.১ ঈশ্বর একজন, দ্বিতীয় কোন ঈশ্বর নেই তা বর্ণনা করতে পারবে।<br>৩.২.২ তিন ব্যক্তি মিলে এক ঈশ্বর তা বর্ণনা করতে পারবে।<br>৩.২.৩ তিন ব্যক্তি সমান, কেউ ছোট নয় বা কেউ বড় নয় তা বর্ণনা করতে পারবে।<br>৩.২.৪ সকল মানুষকে শ্রদ্ধা ও সম্মান করবে।<br>৩.২.৫ সকল মানুষের সাথে ঐক্যবদ্ধভাবে জীবন যাপন করবে। | **ত্রিব্যক্তি পরমেশ্বর**<br>- ঈশ্বর একজন<br>- তিন ব্যক্তি মিলে এক ঈশ্বর<br>- তিন ব্যক্তিই সমান | ঈশ্বরের তিন ব্যক্তির নাম লিখবে। | ঈশ্বর একজন, তিন ব্যক্তি মিলে এক ঈশ্বর এবং তিন ব্যক্তি সমান-- এই বিষয়ে উদাহরণসহ বিস্তারিত লিখবেন।<br><br>বাবা-মা-সন্তানের একটি ছবি।<br>ত্রিব্যক্তির আইকন। |
| ৪। স্বর্গীয় দূত ও আদি পিতামামাতার বিষয়ে অবগত হওয়াা। | ৪.১ লুসিফের এবং তার সঙ্গীদের পতন ও শাস্তির বিষয়ে বর্ণনা করতে পারবে। | ৪.১.১ লুসিফের ও তার সঙ্গীদের সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>৪.১.২ লুসিফের ও তার সঙ্গীদের পতন সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>৪.১.৩ লুসিফের ও তার সঙ্গীদের কী শাস্তি হয়েছিল তা বর্ণনা করতে পারবে।<br>৪.১.৪ ঈশ্বরের আরাধনা করবে। | **লুসিফের ও তার সঙ্গীরা**<br>- লুসিফের ও তার সঙ্গীদের পতন<br>- লুসিফের ও তার সঙ্গীদের অপরাধের শাস্তি। | লুসিফের ও তার সঙ্গীদের পতন ও শাস্তির বিষয়ে লিখবে। | লুসিফের ও তার সঙ্গীদের অপরাধ ও শাস্তির বিষয়ে লিখবেন।<br><br>স্বর্গ থেকে লুসিফের ও তার সঙ্গীদের নরকের দিকে পতনের ছবি। |

| প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/ পরীক্ষণ/ প্রদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে) | লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ৫। পবিত্র বাইবেল সম্পর্কে ধারণা লাভ করা ও ঈশ্বরের বাণীর প্রতি শ্রদ্ধাশীল হওয়া। | ৫.১ পবিত্র বাইবেল সম্পর্কে বর্ণনা দিতে পারবে।<br>৫.২ পবিত্র বাইবেল পাঠ করবে ও বাইবেলের প্রতি শ্রদ্ধাশীল হবে। | ৫.১.১ ঈশ্বরের বাণী কী তা বর্ণনা করতে পারবে।<br>৫.১.২ বাইবেলকে কেন ঈশ্বরের বাণী বলা হয় তা বর্ণনা করতে পারবে।<br>৫.১.৩ পবিত্র বাইবেলের বাণী ভক্তি সহকারে পাঠ করবে। | **পবিত্র বাইবেল**<br>- বাইবেল ঈশ্বরের বাণী<br>- বাইবেল পবিত্র<br>- বাইবেল পাঠ | বাইবেল, কাছে একটি ক্রুশ ও একটি জ্বলন্ত মোমবাতির ছবি আঁকবে। | বাইবেল ঈশ্বরের বাণী এবং পবিত্র, এবিষয়ে লিখবেন।<br><br>বাইবেল, ক্রুশ ও জ্বলন্ত মোমবাতির ছবি। |
| ৬। ঈশ্বরের দশ আজ্ঞার অর্থ বিশ্লেষণ করা ও আজ্ঞাগুলো মেনে চলা। | ৬.১ ঈশ্বরের দশ আজ্ঞার প্রথম আজ্ঞার অর্থ ব্যাখ্যা করতে পারবে। | ৬.১.১ ঈশ্বরের প্রথম আজ্ঞার অর্থ ব্যাখ্যা করতে পারবে।<br>৬.১.২ একমাত্র ঈশ্বরের আরাধনা করবে। | **ঈশ্বরের দশ আজ্ঞা**<br>- ঈশ্বরের প্রথম আজ্ঞা<br>- ঈশ্বরের আরাধনা | কী কী ভাবে ঈশ্বরের আরাধনা করা যায় তার একটি তালিকা তৈরি করবে। | ঈশ্বরের প্রথম আজ্ঞার অর্থ ব্যাখ্যা করবেন এবং কী কী ভাবে ঈশ্বরের আরাধনা করা যায় তা লিখবেন।<br><br>প্রার্থনারত শিক্ষার্থীদের সামনে বাইবেল, ক্রুশ ও জ্বলন্ত মোমবাতির ছবি। |
| ৭। পাপ ও পরিত্রাণ সম্পর্কে অবগত হওয়া ও পাপ থেকে বিরত থাকা। | ৭.১ মারাত্মক পাপ ও লঘু পাপ সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>৭.২ পাপের ফল ব্যাখ্যা করতে পারবে। | ৭.১.১ পাপ কী তা বর্ণনা করতে পারবে।<br>৭.১.২ মারাত্মক পাপ সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>৭.১.৩ লঘু পাপ সম্পর্কে বর্ণনা করতে পারবে। ৭.১.৪ পাপের ফল বর্ণনা করতে পারবে।<br>৭.১.৫ পাপ পরিহার করে চলবে। | **পাপ**<br>- পাপের অর্থ<br>- মারাত্মক পাপ ও লঘু পাপ<br>- পাপের ফল<br>- পাপ পরিহার করে চলা | মারাত্মক পাপ ও লঘু পাপের তালিকা তৈরি করবে। | পাপ, মারত্মক পাপ, লঘু পাপ, পাপের ফল এবং পাপ পরিহার করার উপায় সম্পর্কে লিখবেন।<br><br>পাপে পূর্ণ হৃদয়ওয়ালা একটি যুবকের চারিদিকে শয়তানেরা কিলবিল করছে এবং পাশে পাপশূন্য হৃদয়ওয়ালা একটি যুবকের চারিদিকে স্বর্গদূতদের ছবি। |
| ৮। মুক্তিদাতা যীশুর সাথে পরিচিত হওয়া ও তাঁকে অনুসরণ করা। | ৮.১ মুক্তিদাতার পৃথিবীতে আগমনের উদ্দেশ্য ও তাঁর জন্মের ঘটনা বর্ণনা করতে পারবে। | ৮.১.১ পৃথিবীতে মুক্তিদাতার আগমন কেন হয়েছিল তা বর্ণনা করতে পারবে।<br>৮.১.২ মুক্তিদাতার জন্মের বিষয় বর্ণনা করতে পারবে।<br>৮.১.৩ পূর্ব দেশের তিন পণ্ডিতের মতো করে মুক্তিদাতাকে শ্রদ্ধা ও প্রণাম জানাবে। | **মুক্তিদাতার জন্ম**<br>- মুক্তিদাতার আগমনের উদ্দেশ্য<br>- মুক্তিদাতার জন্মের ঘটনা<br>- পণ্ডিতদের মতো করে যীশুর প্রতি ভক্তি প্রদর্শন | বড়দিনের একটি গান গাইবে। | মুক্তিদাতার আগমনের উদ্দেশ্য, জন্মের ঘটনা, পণ্ডিতদের আগমন ও আরাধনা ইত্যাদির বিবরণ লিখবেন।<br><br>গোশালায় যীশুর জন্মের একটি ছবি। |

| প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/ পরীক্ষণ/ প্রদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে) | লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ৯। পবিত্র আত্মা সম্পর্কে ধারণা লাভ করা ও পবিত্র আত্মার অনুপ্রেরণায় চলা। | ৯.১ পবিত্র আত্মার সাতটি দান ও বারোটি ফল বর্ণনা করতে পারবে। | ৯.১.১ পবিত্র আত্মার সাতটি দান ব্যাখ্যা করতে পারবে।<br>৯.১.২ পবিত্র আত্মার দানের বারোটি ফল ব্যাখ্যা করতে পারবে।<br>৯.১.৩ পবিত্র আত্মার দানগুলো লাভ করার জন্য সব সময় পবিত্র আত্মার কাছে প্রার্থনা করবে। | **পবিত্র আত্মার দান ও ফল**<br>- পবিত্রাত্মার দান<br>- পবিত্রাত্মার দানের ফল।<br>- পবিত্রাত্মার দানগুলো লাভ করার উপায়। | একটি হৃদয়ের ছবি আঁকবে ও সাতদিকে সাতটি তীর চিহ্ন দিয়ে পবিত্র আত্মার সাতটি দান লিখে দিবে। | পবিত্রাত্মার সাতটি দান ও বারোটি ফলের ব্যাখ্যা এবং দানগুলো লাভের উপায় বর্ণনা করবেন।<br><br>একটি ডায়াগ্রাম। মাঝখানে একটি হৃদয়। সাতদিকে সাতটি তীরচিহ্ন দিয়ে সাতটি দানের নাম। |
| ১০। খ্রিষ্টমণ্ডলী সম্পর্কে ধারণা লাভ করা ও মণ্ডলীর সক্রিয় সদস্য হিসেবে জীবন যাপন করা। | ১০.১ মণ্ডলীর বিভিন্ন জনের বিভিন্ন দায়িত্ব-কতর্ব্যের বিষয় বর্ণনা করতে পারবে। | ১০.১.১ খ্রিষ্টমণ্ডলীর মস্তক খ্রিষ্টের ভূমিকা বর্ণনা করতে পারবে।<br>১০.১.২ খ্রিষ্টমণ্ডলীর অন্যান্য অঙ্গপ্রত্যঙ্গের ভূমিকা বর্ণনা করতে পারবে।<br>১০.১.৩ মণ্ডলীর অঙ্গ হিসেবে নিজের দায়িত্বকর্তব্য পালন করবে। | **খ্রিষ্টমণ্ডলী**<br>- মণ্ডলীর মস্তক খ্রিষ্টের ভূমিকা<br>- মণ্ডলীর অন্যান্য অঙ্গপ্রত্যঙ্গের দায়িত্বকর্তব্য | দলীয় আলোচনার মাধ্যমে খ্রিষ্টমণ্ডলীর বিভিন্ন জনের বিভিন্ন দায়িত্ব-কর্তব্যের একটি তালিকা তৈরি করবে। | দেহরূপ খ্রিষ্টমণ্ডলী ও বিভিন্ন অঙ্গপ্রত্যঙ্গের কার্যাবলি বুঝিয়ে লিখবেন।<br><br>মস্তকরূপ খ্রিষ্ট ও দেহরূপ ভক্তজনগণের ভূমিকা বুঝানোর জন্য একটি মানবদেহের ছবি। |
| ১১। সাক্রামেন্তগুলো (মাণ্ডলীক অনুষ্ঠান) সম্পর্কে ধারণা লাভ করা ও সাক্রামেন্তগুলো পবিত্রভাবে গ্রহণ করা। | ১১.১ বাপ্তিস্ম (দীক্ষাস্নান) সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে। | ১১.১.১ বাপ্তিস্ম (দীক্ষাস্নান) কী তা বর্ণনা করতে পারবে।<br>১১.১.২ বাপ্তিস্ম কীভাবে দেওয়া হয় তা বর্ণনা করতে পারবে।<br>১১.১.২ দীক্ষাস্নানের ফল সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>১১.১.৩ এক পিতার সন্তান হিসেবে অন্য সকলকে ভাইবোন হিসেবে ভালোবাসবে। | **বাপ্তিস্ম (দীক্ষাস্নান)**<br>- বাপ্তিস্ম কী<br>- দীক্ষাস্নানের অনুষ্ঠান-রীতি<br>- দীক্ষাস্নানের ফল<br>- এক পরিবারের সদস্য | দীক্ষাস্নানের অনুষ্ঠান-রীতি অনুশীলন করবে। | দীক্ষাস্নান কী, কীভাবে এই সাক্রামেন্ত দেওয়া হয়, কে দিতে পারে, দীক্ষাস্নানের ফল ইত্যাদি বিষয়ে লিখবেন।<br><br>দীক্ষাস্নান দেওয়ার একটি ছবি। |
| ১২। ঈশ্বরের আহূত বিশেষ ব্যক্তিদের সম্পর্কে অবগত হওয়া ও তাঁদের আদর্শ অনুসারে চলা। | ১২.১ ঈশ্বরের আহূত ব্যক্তি নোয়ার (নোহ) ঈশ্বরের ইচ্ছা মেনে চলার আদর্শ সম্পর্কে বর্ণনা করতে পারবে। | ১২.১.১ ঈশ্বরের প্রতি নোয়ার বিশ্বস্ততা বর্ণনা করতে পারবে।<br>১২.১.২ নোয়ার জাহাজ বানানোর উদ্দেশ্য বর্ণনা করতে পারবে।<br>১২.১.৩ ঈশ্বরের প্রতি অবিশ্বস্ত ও অধর্মের পথে পরিচালিত ব্যক্তিদের ধ্বংসপ্রাপ্ত হওয়ার বিষয়ে বর্ণনা করতে পারবে।<br>১২.১.৪ ঈশ্বরের পথে সর্বদা বিশ্বস্ত থাকবে। | **নোয়া (নোহ)**<br>- ঈশ্বর ভক্ত নোয়া<br>- নোয়ার জাহাজ<br>- অবিশ্বস্তদের ধ্বংস | নোয়ার জাহাজ অঙ্কন করবে। | নোয়া কে ছিলেন, তিনি কীভাবে ঈশ্বর ভক্ত হয়েছিলেন, কেন তিনি জাহাজ তৈরি করে সেখানে জীবজন্তু নিয়ে উঠেছিলেন এবং এভাবে রক্ষা পেয়েছিলেন। অন্যদিকে অবিশ্বস্তরা ধ্বংস হয়েছিল। এগুলো বুঝিয়ে লিখবেন।<br><br>নোয়ার জাহাজের একটি ছবি। |

| প্রান্তিক যোগ্যতা | অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল | বিষয়বস্তু | পরিকল্পিত কাজ/ পরীক্ষণ/ প্রদর্শন (প্রযোজ্য ক্ষেত্রে) | লেখক ও অঙ্কনশিল্পীদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১৩। খ্রিষ্টীয় মূল্যবোধের আলোকে বিশিষ্ট ব্যক্তিদের জীবনাদর্শ পর্যালোচনা করা ও তাঁদের আদর্শ অনুসারে চলা। | ১৩.১ মাদার তেরেজার জীবন থেকে খ্রিষ্টীয় সেবার মূল্যবোধ সম্পর্কে বর্ণনা করতে পারবে। | ১৩.১.১ মাদার তেরেজার সংক্ষিপ্ত জীবনী বর্ণনা করতে পারবে।<br>১৩.১.২ সেবাকাজে মাদার তেরেজার আহ্বান সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>১৩.১.৩ আর্তপীড়িত ও অবহেলিতদের সেবায় মাদার তেরেজার আত্মদান সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>১৩.১.৪ অসুস্থদের, বিশেষথ অসহায়দের সেবা করবে। | **সেবার আদর্শ মাদার তেরেজা**<br>- মাদার তেরেজার সংক্ষিপ্ত জীবনী<br>- সেবাকাজে মাদার তেরেজার আহ্বান<br>- অবহেলিতদের সেবায় মাদার তেরেজা<br>- সেবাকাজে অংশগ্রহণ | মাদার তেরেজার সম্প্রদায়ের সিষ্টারগণ কী কী কাজ করেন তা দলীয় আলোচনার মাধ্যমে তালিকাবদ্ধ করবে। | মাদার তেরেজার সংক্ষিপ্ত জীবনী, সেবাকাজে তাঁর আহ্বান ও কাজের বিবরণ দিয়ে লিখবেন।<br><br>সেবারত মাদার তেরেজার একটি ছবি। |
| ১৪। মৃত্যু, পুনরুত্থান, শেষ বিচার, স্বর্গ ও নরক বিষয়ে খ্রিষ্টধর্মের শিক্ষাসমূহ সম্পর্কে অবগত হওয়া ও সে অনুসারে জীবন যাপন করা। | ১৪.১ মানুষের মুত্যু ও পুনরুত্থান সম্পর্কে বর্ণনা করতে পারবে। | ১৪.১.১ মানুষের মৃত্যু সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>১৪.১.২ মানুষের পুনরুত্থান সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>১৪.১.৩ সারা জীবন খ্রিষ্টীয় পথে বিশ্বস্তভাবে চলার জন্য প্রার্থনা করবে। | **মৃত্যু ও পুনরুত্থান**<br>- মানুষের মৃত্যু<br>- মানুষের পুনরুত্থান<br>- সুন্দর জীবন | কীভাবে সুন্দর জীবন যাপন করা যায় তার একটা তালিকা প্রস্তুত করবে। | মানুষের মৃত্যু ও পুনরুত্থান এবং সুন্দর জীবন যাপনের উপায় সম্পর্কে লিখবেন।<br><br>পুনরুত্থিত যীশুর ছবি। |
